গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জকিগঞ্জ, সিলেট
www.zakiganj.sylhet.gov.bd

স্মারকনম্বর: ০৫.৪৬.৯১৯৪.০০০.০৪.০২৪.১৭.৪৭ তারিখ: ১৮ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত নিবন্ধিত মৎসজীবী সমবায় সমিতি/মৎসজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জকিগঞ্জ উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০.০০ একর পর্যন্ত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ সন মেয়াদে ইজারা/বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে সরকার আরোপিত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/প্রকৃত জেলে/যুব সমিতির নিকট হতে নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

০২. জলমহাল ইজারা কার্যক্রমে অংশ গ্রহণের লক্ষ্যে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করা যাবে। তা ছাড়া জলমহালের আবেদন আহবান বিজ্ঞপ্তি www.zakiganj.sylhet.gov.bd ওয়েবসাইটেও পাওয়া যাবে। ইজারাযোগ্য জলমহালের সিডিউল ও শর্তাবলী নিম্নরূপ:

### উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল:

| ক্রমিকনম্বর | অনলাইনে আবেদন দাখিলের সময়কাল | গৃহীতকার্যক্রম |
|---|---|---|
| ১. | ১৪৩০ বঙ্গাব্দের ০৭ মাঘ ১৪৩০ হতে ২৬ মাঘ ১৪৩০ তারিখের মধ্যে (২১-০১-২০২৪ হতে ০৯-০২-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত) | jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল। |
| ২. | ২৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ হতে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (১০-০২-২০২৪ খ্রিস্টাব্দ হতে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অফিস চলাকালীন সময় পর্যন্ত) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাযুক্ত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবেনা। |

### ১৪৩১ বঙ্গাব্দ হতে ১৪৩৩ বঙ্গাব্দের জন্য ০৩(তিন) বছর মেয়াদে ২০ একর পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্রমিক | জলমহালের নাম | মৌজার নাম | আয়তন (একরে) | পূর্ববর্তী বৎসরের ইজারামূল্য | ৫% বর্ধিত হারে সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ধুপাদানি | কেশরকোনা | ২.৮০ | ৯২৩৯/- | ৯৮০০/- | |
| ২ | সাদিরখাল | করইমোড়া | ৫.০৮ | ১১০২/- | ১১৫৭/- | |
| ৩ | দলিয়াচাপড়া | মনসুরপুর | ৩.২৩ | ২৩১৫/- | ২৪৩১/- | |
| ৪ | বসন্তবাবুর খাল | কোনাগ্রাম কংশবারপতি | ৩.৪১ | ১১৫৭৬/- | ১২১৫৪/- | |
| ৫ | চিকানালা | নিদনপুর শেরুলবাগ | ৮.৯০ | ১৮৫২১/- | ১৯৪৪৮/- | |
| ৬ | হাতিদারা | এওলাসার দাউদপুর | ২.৭১ | ১৩২৩০/- | ১৩৮৯২/- | |
| ৭ | মুলিকান্দি ঘেচুয়ার ডাল | ইছাপুর সদরপুর | ৪.৬২ | ৫৩৮১৩/- | ৫৬৫০৪/- | |
| ৮ | কাপনা খাল | মহিদপুর | ১২.২৪ | ৭৮২৮/- | ৮২১৯/- | |
| ৯ | মরইখাল | হরাত্রিলোচন,রসুলপুর, মাতারগ্রাম, সারংদেব, খলাদাপনিয়া | ৭.৭৭ | ১৫৪৩৫/- | ১৬২০৭/- | |
| ১০ | বৈরাগী কুড়ি | বিপক | ৮.৮৬ | ১৩১২৫/- | ১৩৭৮১/- | |
| ১১ | ধলি কুড়ি | ষাইটশৌলা | ৩.৬৫ | ৭৭২০/- | ৮১০৬/- | |
| ১২ | বরজান খাল | উত্তরকুল, কশকনকপুর,দরিয়াপুর | ১১.৭৮ | ৮৮৭২/- | ৯৩১৬/- | |
| ১৩ | এরালি কুড়ি | ষাইটশৌলা | ২.৩৫ | ২৫০০/- | ২৬২৫/- | |
| ১৪ | সেনাপতির খাল | সহিদাবাদ, মাইজকান্দি | ৩.০৩ | ১০৫০/- | ১১০৩/- | |
| ১৫ | চাতল বিল | মহিদপুর | ৮.৭৯ | ১৪৭০০/- | ১৫৪৩৫/- | |
| ১৬ | ঘিয়ানালা | মহিদপুর | ৫.৯৫ | ১০৫০/- | ১১০৩/- | |
| ১৭ | নাকির খাল | নিদনপুর | ৩.৩৫ | ২৬৭৮/- | ২৮১২/- | |
| ১৮ | চকরা কুড়ি | বালাইত | ৩.৪৯ | ১০৫০/- | ১১০৩/- | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৯ | কাজলগড় | গড়ুল | ১.৫৮ | ১২০৭/- | ১২৬৭/- | |
| ২০ | পাতির খাল | বিপক | ১.৬৪ | ১০০০/- | ১০৫০/- | |
| ২১ | মাতাংকুড়ি | মহিদপুর | ৮.৯৮ | ৩০০০/- | ৩১৫০/- | |
| ২২ | সুনামখাল | গড়ুলনওয়াগাও | ৩.৫২ | ১০৫০/- | ১১০৩/- | |
| ২৩ | আলিপুর | বিপক | ৩.২৯ | ১৪৮০৫/- | ১৫৫৪৫/- | |
| ২৪ | চেরাগিখাল | পাটনিকান্দি | ১.৪৫ | ২৫২০/- | ২৬৪৬/- | |
| ২৫ | বুড়িগোলতালনদী | সদরপুর, ইছাপুর, গজকাপন | ১২.৯৮ | ২৬৪৬/- | ২৭৭৮/- | |
| ২৬ | চৈতন খাল | জামালপুর | ৪.৩২ | ৭২৯২/- | ৭৬৫৭/- | |
| ২৭ | তেরা খাল | জামুরাইল, করইমুরা, কামালপুর | ১৮.৬১ | ৬১৭৩/- | ৬৪৮২/- | |
| ২৮ | গোফরাজান | মহিদপুর | ১৬.৯১ | ১০২১১৯/- | ১০৭২২৫/- | |
| ২৯ | উজান বিড়াখাই | মহিদপুর | ১৮.৬৭ | ২৯২২৯/- | ৩০৬৯১/- | |
| ৩০ | জাড়াখাল | সিরাজপুর, একাপূর্বা | ৬.৪০ | ২৩১৬/- | ২৪৩২/- | |
| ৩১ | মাতারখাল | ডেমারগ্রাম | ৭.৪২ | ৮১০৩/- | ৮৫০৯/- | |
| ৩২ | মাটিজুরি | তকিরপুর, পুরুষপাল, আকাকল্যাণ | ৩.৫০ | ১৪৫৮৬/- | ১৫৩১৬/- | |
| ৩৩ | কাড়াখাল | পুরুষপাল, যশা | ১১.১৭ | ১০৪১৮/- | ১০৯৩৯/- | |
| ৩৪ | হল্লা কুড়ি | পুরুষপাল | ৬.৩৫ | ২৪৩১০/- | ২৫৫২৬/- | |
| ৩৫ | তেলী খাল | শেরুলভাগ, নিদনপুর | ৫.৮৮ | ৩০৪২২০/- | ৩১৯৪৩১/- | মামলাভূক্ত |

## শর্তাবলী

০১। জলমহালসমূহ কেবল নিবন্ধিত (সমবায়/সমাজসেবাঅধিদপ্তর) কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা দেয়া হবে। তবে এক্ষেত্রে যুব মৎস্যজীবীদের (১৮-৩৫বৎসর) নিবন্ধিত সমিতি অগ্রাধিকার পাবে। কোন অবস্থাতেই ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেনা।

০২। অনলাইনে আবেদন দাখিলের ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর 'পরিশিষ্ট-ক'-এ উল্লিখিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরম বাবদ উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট এর অনুকূলে ৫০০/- (পাঁচ শত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল কপি প্রিন্টেড কপির সাথে যুক্ত করে দাখিল করতে হবে।

০৩। জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যা কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বিধি মোতাবেক অগ্রাধিকার পাবে। তবে শর্ত থাকে যে, উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবেনা। আরো শর্ত থাকে যে, আবেদনকারী সমিতি বর্তমানে কার্যকর আছে মর্মে তার প্রমাণ স্বরূপ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন দাখিল করবেন ও বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্য জীবীদের সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রমানের দরকার হবেনা।

০৪। নির্দিষ্ট ফরমে আবেদনপত্র দাখিলের সময় আবেদনের সাথে সমিতির রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ, সমিতির কার্যবিবরণী, অডিট রিপোর্ট, টিআইএন নম্বর, প্রকৃত মৎসজীবী সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা ঠিকানা ও ছবিসহ সংযুক্ত করবেন।

০৫।আবেদনপত্রে সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) যাচাই বাছাইয়ের ভিত্তিতে প্রকৃত মৎস্যজীবী হিসেবে প্রমাণিত হতে হবে। সদস্যদের হালনাগাদ মৎস্যজীবী প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

০৬। আবেদনকারী সংগঠন/সমিতিতে যদি কোন এমন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বলে বিবেচিত হবেন।

০৭। আবেদনপত্রের সাথে সংগঠন সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক সলভেন্সী প্রত্যয়নপত্রসহ (ব্যাংকরুল'স অনুসারে) প্রয়োজনীয় তথ্য সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতি ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে।

০৮। স্থানীয় প্রকৃত মৎসজীবী সংগঠন গুলোর মধ্যে যে জলমহালের নিকটবর্তী/তীরবর্তী সে সকলপ্রকৃত মৎসজীবী সংগঠনকে সংশ্লিষ্ট জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎসজীবী সংগঠন পাওয়ানা যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী মৎসজীবী সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে।

০৯।প্রতিটি জলমহালের বিগত ০৩ (তিন) বছরের ইজারামূল্যের গড়মূল্যের উপর ৫% বর্ধিত হারে ইজারা মূল্য নির্ধারণ করে সরকারি ইজারামূল্য ধার্য হবে। এরকম মূল্যে কোন জলমহাল ইজারা প্রদান করা হবেনা।

১০। জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে শুরু হবে। ইজারাদারকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে উপজেলা নির্বাহী অফিসারের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। তবে এই সময়ের মধ্যে যদি কোন কারণে খাস কালেকশন করা হয়, তবে তা সরকারি খাতে জমা হবে।

১১। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহিতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহিতার কোন প্রকার দাবি/অধিকার/স্বত্ত থাকবেনা এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ত ও দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের উপর ন্যস্ত হবে। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবেনা।

১২। মৎসজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি কোন জঙ্গিবাদের সাথে সম্পৃক্ত থাকলে এবং ইজারামূল্য পরিশোধ খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবেনা।

১৩। আবেদনকৃত জলমহালের ইজারামূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট এর অনুকূলে জামানত হিসেবে আবেদনকারী তার আবেদনের সাথে দাখিল করবেন। লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজ মানির সাথে উক্ত অর্থ সমন্বয় করা হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১৪। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর যাবতীয় শর্ত বিবেচনা করে সংশ্লিষ্ট জলমহালের জন্য উপযুক্ত সংগঠন/সমিতির নামে জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ইজারা প্রদান করা হবে।

১৫। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন ০২ (দুই) টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

১৬। সময়মত লীজ মানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৭। বন্দোবস্ত গ্রহিতা সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারের নিকট পেশ করবেন। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/উপজেলা নির্বাহী অফিসার সময়ে সময়ে জলমহালগুলোর ব্যবস্থাপনা সরেজমিনে পরিদর্শন করবেন এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইনগত/বিধিগত ব্যবস্থা গ্রহণ করবেন।

১৮। লীজ গ্রহিতা মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেননা এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি তা করা হয় তাহলে উক্ত লীজ বাতিল করা হবে এবং জমাকৃত লীজ-মানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত লীজ গ্রহিতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী ০৩ (তিন) বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১৯। ইজারা প্রদত্ত জলমহালগুলোতে ইজারা চুক্তির কোন শর্ত লঙ্ঘিত হচ্ছে কিনা সেজন্য বিদ্যমান মৎস্য আইনের আওতায় যাচাই বাছাই করে ইজারা চুক্তি ভঙ্গের প্রমাণ পাওয়া গেলে ইজারাদারের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২০। বন্দোবস্ত/ইজারাপ্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রথম বছরের সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনেরো) কর্মদিবসের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা সংক্রান্ত ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা চুক্তি সম্পাদন পূর্বক জলমহালের দখল বুঝিয়ে দেয়া হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছরের ইজারামূল্য একই ভাবে পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবেনা।

২১। বন্দোবস্ত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবেনা। বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয় সংলগ্ন প্লাবন ভূমি প্লাবিত হয়ে একক জলাশয়েরূ পনেয় তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতরে সীমাবদ্ধ থাকবে।

২২। যে সকল জলাশয়সমূহ থেকে (নদী, হাওর, খাল) জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবেনা। যে সকল বদ্ধ জলমহাল বন্দোবস্ত/ইজারা দেয়া হবে সেখান থেকে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে। এ ব্যাপারে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবে।

২৩। ইজারাকৃত জলমহাল হতে অতিথি পাখিসহ কোন পাখি শিকার করতে পারবেনা। সরকারি জলমহালের পাড়ে সামাজিক বনায়নের মাধ্যমে বনজ সম্পদ বৃদ্ধির ক্ষেত্রে বন্দোবস্ত গ্রহিতা সমিতি চুক্তিবদ্ধ থাকবেন।

২৪। সরকারি জলমহাল ইজারা গ্রহিতা সমিতি/সরকারি নিয়ম অনুয়াযী ইজারামূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট (ভ্যাটকোড-১/১১৩৩/০০১৮/০৩১১) ও ১০% আয়কর (উৎস কর) (আয়কর কোড- ১/১১৪১/০০৭০/০১১১) কোডে জমা প্রদান করবেন।

২৫।জলমহাল/খাস পুকুর সমূহ যে অবস্থায় আছে তদাবস্থায় ইজারা প্রদান করা হবে। ফলে আবেদন দাখিলের পূর্বেই জলমহাল সরেজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে আবেদন পত্র দাখিল করতে হবে। এ ব্যাপারে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

২৬। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোন কার্যক্রম গ্রহণ করা যাবেনা। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবেনা।

২৭। ইজারাকৃত কোন জলমহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবেনা। বন্দোবস্ত গ্রহিতা সরকারি জলমহালে বিষ প্রয়োগ করে কিংবা নিষিদ্ধ ঘোষিত জালদ্বারা বা মৎস্য আইনে নিষিদ্ধ অন্য কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবেনা।

২৮। জলমহালের তীরবর্তী সরকারি ভূমিতে পরিবেশ বান্ধব করচ গাছ বা তদ্রুপ অন্য কোন বৃক্ষ লাগাতে হবে। যা মাছ চাষের নিরাপদ আশ্রয় ভূমি হিসেবে সহায়ক হবে।

২৯। বর্তমানে প্রচলিত নীতিমালা এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন বন্দোবস্ত গ্রহিতা মানতে বাধ্য থাকবেন।

৩০। জলমহালে মৎস্য সম্পদ পরিচর্যামূলক ক্ষেত্র ভিত্তিক গবেষনা ও তথ্য সংগ্রহের উদ্দেশ্যে মৎস্য বিজ্ঞানীদের অবাধ বিচরণ, তথ্য সংগ্রহ ও নিজ খরচায় মৎস্য আহরণ, পরিবেশগত তথ্য সংগ্রহ ইত্যাদি কর্মকান্ড পরিচালনার জন্য মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়ের অধিকার থাকবে।

৩১। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত বিধান সমূহ ইজারা গ্রহিতাকে মেনে চলতে হবে।

৩২। মামলাভুক্ত জলমহাল/খাস পুকুরের ক্ষেত্রে ইজারা প্রদানের বিষয়ে বিধি নিষেধ আরোপিত না থাকলে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

৩৩। কোন জলমহাল/খাস পুকুর ইজারা প্রদান হয়ে থাকলে বা ইজারা কার্যক্রম গ্রহণের কোন পর্যায়ে কোন মামলার উদ্ভব হলে বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা জারী হলে ইজারাকৃত মূল্য ফেরত প্রদান করা হবেনা বা কোন আপত্তি গ্রহণে যাগ্য হবেনা।

৩৪। কোন জলমহাল/খাস পুকুর ইজারা কার্যক্রমের পর্যায়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষসহ বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা প্রত্যাহার হলে স্বয়ংক্রিয় ভাবে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

৩৫। যে সমস্ত জলমহালের ক্ষেত্রে বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা/আদালত কর্তৃক স্বত্ব মোকদ্দমা কিংবা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বা রিত করা হয়েছে সে সমস্ত জলমহাল/ খাস পুকুর এ বিজ্ঞপ্তির আওতাভুক্ত থাকবেনা অর্থাৎ সে সমস্ত মহালের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তির কার্যকারিতা থাকবেনা।

৩৬। সর্বাবস্থায় সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ অনুসরণ করা হবে। অর্থাৎ এ নীতিমালার আলোকে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে।

৩৭। সর্বক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৮/০১/২৪


আফসানা তাসলিম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
জকিগঞ্জ, সিলেট
Email-unozakiganj@mopa.gov.bd
মোবাইল: 01730331040


স্মারকনং-০৫.৪৬.৯১৯৪.০০০.০৪.০২৪.১৭.২৯(৭০) তারিখ: ০৪ মাঘ ১৪৩০ / ১৮ জানুয়ারি ২০২৪

অনুলিপি: সদয় অবগতির জন্য-

১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৫ ও ০১নং উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, জকিগঞ্জ, সিলেট
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ০২নং উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, জকিগঞ্জ, সিলেট
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট
৭-২০। উপজেলা নির্বাহী অফিসার ............................................... (সকল), সিলেট
২১-৩৩। সহকারী কমিশনার (ভূমি), ...............................................(সকল), সিলেট
৩৫। উপ পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট
৩৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জকিগঞ্জ, সিলেট (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশ করার অনুরোধসহ)।
৩৬-৪৭। উপজেলা ................................................ কর্মকর্তা (সকল), জকিগঞ্জ, সিলেট
৪৮-৫০। উপজেলা মৎস্য/সমাজসেবা/সমবায়কর্মকর্তা, জকিগঞ্জ, সিলেট (বিজ্ঞপ্তিটি সকল মৎস্যজীবী সমবায় সমিতি লি: কে অবহিতকরণের অনুরোধসহ)
৫১। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, মীরের ময়দান, সিলেট (বিজ্ঞপ্তিটি স্থানীয় সংবাদ বুলেটিন প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৫২। সম্পাদক, দৈনিক শ্যামল সিলেট (বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকায় ২১/০১/২০২৪ হতে ২৫/০১/২০২৪ তারিখের মধ্যে যেকোন ০১ (এক) দিনের জন্য স্বল্প পরিসরে ভিতরের পাতায় শর্তাবলী ব্যতিত (১৫"X৪" আকার) একবার প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৫৩-৫৯। চেয়ারম্যান.................................. ..(সকল) ইউপি, জকিগঞ্জ, সিলেট (বিজ্ঞপ্তিটি ঢোলসহ রতের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ...............ইউনিয়ন ভূমি অফিস (সকল), জকিগঞ্জ, সিলেট (বিজ্ঞপ্তিটি ঢোলসহ রতের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬১। অফিস নথি।

২৮/০১/২০২৪


অর্ণব দত্ত
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
জকিগঞ্জ, সিলেট